# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিজ্ঞান

বিষয় কোড : | 1 | 2 | 7 |

## সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ আমান সাহেবের বাসায় দুইজন গৃহকর্মী সালমা ও রহিমা। সালমার গলায় সমস্যা অপরদিকে রহিমা অস্থিচর্মসার। আমান সাহেব দুজনকেই ডাক্তারের কাছে নিয়ে গেলেন। ডাক্তার সালমাকে বেশি করে সামুদ্রিক মাছ ও আয়োডিনযুক্ত লবণ এবং রহিমাকে মাছ, মাংস ও ডিম খাওয়ার পরামর্শ দিলেন।

ক. রাফেজ কী? ১

খ. সুষম খাদ্য বলতে কী বোঝায়? ২

গ. সালমা যে রোগটিতে আক্রান্ত তার লক্ষণগুলো লেখো। ৩

ঘ. ডাক্তারের পরামর্শ না মানলে ভবিষ্যতে রহিমার কী ধরনের সমস্যা হতে পারে? তোমার মতামত দাও। ৪

২.▶

| কৃত্রিম উপগ্রহ | কাজ |
|---|---|
| P | সামুদ্রিক জাহাজের দ্বারা তেল চুইয়ে পরিবেশ দূষণ পর্যবেক্ষণ। |
| Q | ব্রাজিলে অনুষ্ঠিত ২০১৬ সালের অলিম্পিক খেলা দেখা। |

ক. ছায়াপথ কী? ১


খ. চাঁদ ও কৃত্রিম উপগ্রহের মধ্যে পার্থক্য লেখো। ২

গ. ছকের P কৃত্রিম উপগ্রহটি পৃথিবীর পৃষ্ঠের সুস্পষ্ট চিত্র দিতে পারে— বর্ণনা করো। ৩

ঘ. ছকের Q কৃত্রিম উপগ্রহটির জন্যই পৃথিবীর অন্যান্য দেশ খেলাটি দেখবে— মতামত দাও। ৪

Teachingbd24.com

৩. ▶



ক. হরমোন কাকে বলে? ১

খ. বৃক্ককে প্রধান রেচন অঙ্গ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের চিত্রটির গঠন বর্ণনা করো। ৩

ঘ. আমাদের দেহের বিভিন্ন ইন্দ্রিয় থেকে উদ্দীপনা স্নায়ুতন্ত্রে পরিবহনে উদ্দীপকের চিত্রটির ভূমিকা প্রবাহ চিত্রসহ উপস্থাপন করো। ৪

৪. ▶ i. $Zn + CuSO_4 \rightarrow ZnSO_4 + Cu$

ii. $NaOH + HCl \rightarrow NaCl + H_2O$

ক. ভিনেগারের সংকেত কী? ১

খ. লাইম ওয়াটার বলতে কী বোঝায়? ২

গ. (i) নং বিক্রিয়াটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. (ii) নং বিক্রিয়ায় উল্লিখিত বিক্রিয়ক যৌগ দুটি কি একই? যুক্তিসহ মতামত দাও। ৪

৫. ▶ X যৌগটি আইপিএস এর ব্যাটারিতে ব্যবহার করা হয়। এটি সার কারখানায় ব্যবহৃত অতি প্রয়োজনীয় একটি উপাদান। যৌগটি নীল লিটমাসকে লাল করে।

ক. লেবুর রসে কোন এসিড থাকে? ১


খ. নির্দেশক বলতে কী বোঝায়? ২


গ. উদ্দীপকে উল্লিখিত যৌগটি চুনের পানির সাথে মিশ্রিত করা হলে কী ঘটবে তা বিক্রিয়াসহ লেখো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত যৌগটি আমাদের দৈনন্দিন জীবনে কতটা গুরুত্বপূর্ণ তা বিশ্লেষণ করো। ৪

teachingbd24.com

৬. ▶


চিত্র-ক


চিত্র-খ

ক. সংকট কোণ কাকে বলে? ১

খ. আলোর প্রতিসরণের নিয়ম ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের চিত্র-ক এর গঠন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের চিত্র-ক ও চিত্র-খ এর মধ্যে তুলনামূলক আলোচনা করো। ৪

৭. ▶ সবুজ উদ্ভিদ → ঘাসফড়িং → ব্যাঙ → সাপ → ঈগল


ক. বক কোন স্তরের খাদক? ১

খ. সুন্দরবনের উদ্ভিদের মূল খাড়াভাবে মাটির উপরে উঠে আসে কেন? ২


গ. উদ্দীপকের খাদ্য-শৃঙ্খলটির মাধ্যমে শক্তি প্রবাহ ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত শৃঙ্খলে শক্তির প্রবাহ একমুখী হলেও পুষ্টিপ্রবাহ চক্রাকার— বিশ্লেষণ করো। ৪

৮. ▶



চিত্র-ক



চিত্র-খ

ক. পরাগায়ন কত প্রকার? ১


খ. আমকে রসালো ফল বলা হয় কেন? ২


গ. উদ্দীপকের ক চিত্রের প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের 'খ' চিত্রের প্রতিটি অংশই গুরুত্বপূর্ণ' এ বিষয়ে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯.▶




ক. তড়িৎ প্রবাহ কী? ১

খ. ১ ওহম রোধ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চিত্র-ক এর গঠন উল্লেখ করো। ৩

ঘ. বাসাবাড়িতে বিদ্যুতায়নের ক্ষেত্রে উদ্দীপকের কোন বর্তনীটি অধিক সুবিধাজনক বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

১০.▶

| A | B | C |
|---|---|---|
| আম | মিষ্টি আলু | পেনিসিলিয়াম |


ক. প্রজনন কাকে বলে? ১

খ. অঙ্কুরোদগম বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের B চিহ্নিত উদ্ভিদের প্রজনন পদ্ধতি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের A ও C চিহ্নিত কলামের উদ্ভিদগুলোর প্রজনন পদ্ধতির মধ্যে কোনটি উন্নত? যুক্তিসহকারে উপস্থাপন করো। ৪

১১.▶



ক. অপটিক্যাল ফাইবার কী? ১

খ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের শর্ত দুটি লেখো। ২

গ. উদ্দীপকের চিত্রটির প্রধান অংশগুলোর চিহ্নিত চিত্র অঙ্কন করো। ৩

ঘ. উদ্দীপকের চিত্রটির প্রধান অংশগুলোর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বিজ্ঞান

সময়–৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1 2 7

মান–৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. নিচের কোনটি কনিডিয়া সৃষ্টির মাধ্যমে বংশবৃদ্ধি করে?
K মিউকর
L পেনিসিলিয়াম
M স্পাইরোগাইরা
N সেগুন

২. কোনটির মাধ্যমে স্নায়ুতাড়না এক স্নায়ুকোষ থেকে অন্য স্নায়ুকোষে পরিবাহিত হয়?
K ডেনড্রন L অ্যাক্সন
M কোষদেহ N সিন্যাপস

৩. মহাবিস্ফোরণ তত্ত্বের পক্ষে যুক্তি দেন কোন বিজ্ঞানী?
K রাদারফোর্ড L স্টিফেন হকিং
M ডেমোক্রিটাস N নিউটন

৪. মানবদেহে শতকরা কত গ্রাম শর্করা জমা থাকতে পারে?
K ৫০০-৬০০ L ৩০০-৪০০
M ২০০-৩০০ N ১০০-৩০০

৫. কোন প্রক্রিয়ার মাধ্যমে জড় ও জীবজগতের মধ্যে সংযোগ সৃষ্টি হয়?
K খাদ্যজাল L খাদ্য শৃঙ্খল
M বাস্তুতন্ত্র N সালোকসংশ্লেষণ

৬. এসিডিটি হ্রাস করার জন্য ব্যবহৃত যৌগ —
i. $Ca(OH)_2$ ii. $Al(OH)_3$
iii. $Mg(OH)_2$
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৭. অত্যাবশ্যকীয় চর্বি জাতীয় এসিডের অভাবে শিশুদের কী রোগ হয়?
K কোয়াশিয়রকর L রিকেটস
M রক্তশূন্যতা N একজিমা

৮. ইলেকট্রিক ইস্ত্রিতে কত অ্যাম্পিয়ার ফিউজ ব্যবহার করতে হয়?
K ৫ অ্যাম্পিয়ার
L ১০ অ্যাম্পিয়ার
M ১৫ অ্যাম্পিয়ার
N ৩০ অ্যাম্পিয়ার

৯. কোনটিকে মস্তিষ্কের যোজক বলা হয়?
K পনস L মেডুলা
M মেরুরজ্জু N মধ্য-মস্তিষ্ক

১০. অ্যামিটারের নেগেটিভ প্রান্তটি কোন রঙের হয়?
K কালো L লাল
M সাদা N নীল

১১. এসিড কার্বনেট লবণের সাথে বিক্রিয়া করে কোন গ্যাসটি উৎপন্ন করে?
K $CO_2$ L CO
M $H_2$ N $CH_4$

১২. স্নায়ুকোষ বিভাজিত হয় না কেন?
K নিউক্লিয়াসের অনুপস্থিতির জন্য
L সেন্ট্রিওলের অনুপস্থিতির জন্য
M মাইটোকন্ড্রিয়ার অনুপস্থিতির জন্য
N কোষের অনুপস্থিতির জন্য

১৩. তেঁতুলে কোন এসিড থাকে?
K অক্সালিক L টারটারিক
M সাইট্রিক N ম্যালিক

১৪. স্ব-পরাগায়নের বৈশিষ্ট্য হলো —
i. একই ফুলে ঘটে
ii. প্রজাতির বিশুদ্ধতা বজায় থাকে
iii. পরাগায়নের জন্য বাহকের উপর নির্ভর করতে হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

নিচের চিত্রের আলোকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:


চিত্র-A


চিত্র-B

https://teachingbd24.com

**১৫. চিত্র-A এর ফলটি কোন ধরনের?**

K সরল ফল L যৌগিক ফল

M গুচ্ছ ফল N নীরস ফল

**১৬. চিত্র-B এর ফলটিকে গুচ্ছ ফল বলার কারণ—**

i. একটি ফুলে যখন অনেকগুলো গর্ভাশয় থাকে

ii. একটি মঞ্জুরীর সম্পূর্ণ অংশ যখন একটি ফলে পরিণত হয়

iii. ফুলের প্রতিটি গর্ভাশয় ফলে পরিণত হয়

**নিচের কোনটি সঠিক?**

K i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

**১৭. কোন গ্রহ তার উপগ্রহসহ জ্বলজ্বল করতে থাকে?**

K নেপচুন L ইউরেনাস

M বৃহস্পতি N শুক্র

**১৮. খাদ্যের ক্যালরি নির্ণয়ে কোনটির ক্যালরিমূল্য শূন্য ধরা হয়?**

K আমিষ L ভিটামিন

M স্নেহ পদার্থ N শর্করা

**১৯. $Ca(OH)_2 + Cl_2 \longrightarrow ?$**

**উপরোক্ত বিক্রিয়াটিতে কোনটি উৎপন্ন হয়?**

K চুনের পানি L এন্টাসিড

M মিল্ক অব লাইম N ব্লিচিং পাউডার

**২০. ক্যামেরাতে কীসের সাহায্যে প্রতিবিম্ব উজ্জ্বল করা হয়?**

K আলোক চিত্রগ্রাহী প্লেট

L ক্যামেরার লেন্স

M সাটার N ডায়াফ্রাম

**২১. কোন জীবটি বিয়োজক?**

K শামুক L কুমির

M ছত্রাক N ছাগল

**২২. আন্তর্জাতিক যোগাযোগ সূত্র স্থাপনের জন্য প্রথম কোন উপগ্রহ পাঠানো হয়?**

K ইনটেলসেট-৩ L অ্যাপোলো-সয়োজ

M স্পুটনিক-১ N অ্যাপোলো-১১

**২৩. সংকট কোণের ক্ষেত্রে কোনটি সঠিক?**

K প্রতিসরণ কোণ ০°

L প্রতিসরণ কোণ ৩০°

M প্রতিসরণ কোণ ৬০°

N প্রতিসরণ কোণ ৯০°

**নিচের সমীকরণের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাওঃ**

$2Mg + O_2 \longrightarrow A$

**২৪. সমীকরণের A চিহ্নিত স্থানে কোনটি হবে?**

K $Mg_2O_2$ L $MgO_2$

M $O_2Mg$ N $2MgO$

**২৫. উদ্দীপকের বিক্রিয়াটি কোন প্রকৃতির?**

K সংযোজন L দহন

M প্রতিস্থাপন N বিয়োজন

**২৬. নিচের কোনটি উদ্ভিদের ফুল ফোটাতে সাহায্য করে?**

K ফ্লোরিজেন L জিব্বেরেলিন

M অক্সিন N সাইটোকাইনিন

**২৭. সাবান তৈরির মূল উপাদান কোনটি?**

K KOH L NaOH

M $K_2CO_3$ N $Na_2CO_3$

**২৮. বৃহস্পতি গ্রহের কয়টি উপগ্রহ আছে?**

K ৬৭ L ৬২

M ২৭ N ১৪

**২৯. ডাক্তার মানবদেহের ভেতরের কোন অংশ দেখার জন্য কোনটি ব্যবহার করেন?**

K মাইক্রোস্কোপ

L ক্যামেরা

M অপটিক্যাল ফাইবার

N ম্যাগনিফাইং গ্লাস

**৩০. কোন উদ্ভিদ প্রতিদিন জোয়ার ভাটায় নিমজ্জিত হয়?**

K শালবনের উদ্ভিদ

L কচুরীপানা

M চট্টগ্রাম বনের উদ্ভিদ

N ম্যানগ্রোভ উদ্ভিদ

Teachingbd24.com

উত্তরপত্র

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | L | ৪ | L | ৫ | M | ৬ | M | ৭ | N | ৮ | M | ৯ | K | ১০ | K | ১১ | K | ১২ | L | ১৩ | L | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | L | ১৯ | N | ২০ | N | ২১ | M | ২২ | L | ২৩ | N | ২৪ | N | ২৫ | L | ২৬ | K | ২৭ | L | ২৮ | K | ২৯ | M | ৩০ | N |